গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-১৮৯

তারিখ: ১৩ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ জুলাই, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: পটুয়াখালী জেলার দশমিনা ইসলামিয়া কামিল মাদ্রাসার আরবি প্রভাষক জনাব মোঃ তানভীরুল ইসলাম (ইনডেক্স নং: M0046150) এর বেতন ভাতা (এমপিও) সাময়িক স্থগিতসহ কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না মর্মে কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন জেলা কার্যালয়, পটুয়াখালী'র স্মারক নং: ১৬.০১.৭৮০০.০২২.০১.০০১.২৬.৭১৯ (৪); তারিখ: ১৩/০৭/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে কর্মরত পেশ ইমাম জনাব মোঃ তানভীরুল ইসলাম একই সঙ্গে পটুয়াখালী জেলার দশমিনা ইসলামিয়া কামিল মাদ্রাসার আরবি প্রভাষক হিসেবে কর্মরত থেকে এমপিওভুক্ত সরকারি বেতন-ভাতা গ্রহণের পাশাপাশি মডেল মসজিদের সম্মানী ভাতা গ্রহণ করে আসছেন। স্থানীয় অনুসন্ধান এবং জেলা মডেল মসজিদ পরিচালনা কমিটির সভায় তাঁর প্রদত্ত বক্তব্যে বিষয়টি নিশ্চিত হয়। তিনি একই সঙ্গে দুই প্রতিষ্ঠানে কর্মরত থাকার বিষয়টি স্বীকার করে একটি পদ ত্যাগের জন্য ১ (এক) মাস সময় প্রার্থনা করেন। এতে প্রতীয়মান হয় যে, জেলা মডেল মসজিদে তাঁর নিয়োগের শর্ত যথাযথভাবে প্রতিপালিত হয়নি।জনাব মোঃ তানভীরুল ইসলাম একই সঙ্গে দুই প্রতিষ্ঠানে কর্মরত থেকে সরকারি বেতন-ভাতা গ্রহণ করছেন।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬ এর ১১.১০ (ক) অনুচ্ছেদ অনুযায়ী এমপিও প্রাপ্তির জন্য আবেদনকারী শিক্ষক-কর্মচারীগণ একই সাথে একাধিক পদে চাকরিতে বা আর্থিক লাভজনক কোন পদে নিয়োজিত থাকতে পারবেন না। এরূপ প্রমাণ পাওয়া গেলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের মাধ্যমে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অনুমোদনক্রমে এমপিও বাতিল করা হবে।

এমতাবস্থায়, একই সঙ্গে পটুয়াখালী জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের পেশ ইমাম এবং দশমিনা ইসলামিয়া কামিল মাদ্রাসার আরবি প্রভাষক হিসেবে কর্মরত থাকায় তা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬-এর ১১.১০(ক) অনুচ্ছেদের পরিপন্থী। তাই তাঁর এমপিওভুক্ত বেতন-ভাতা সাময়িকভাবে স্থগিতসহ স্থায়ীভাবে কেন বন্ধ করা হবে না মর্মে আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে এ বিষয়ে লিখিত ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায়, আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৮/০৭/২০২৬

Scanned with CamScanner

১। জনাব মোঃ তানভীরুল ইসলাম
প্রভাষক (আরবী)
দশমিনা ইসলামিয়া কামিল মাদ্রাসা, দশমিনা, পটুয়াখালী।

মোহাম্মদ শুকুর আলম মজুমদার
সহকারী পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ও
সদস্য সচিব
এমপিও বাছাই ও অনুমোদন কমিটি

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
২। জেলা প্রশাসক, পটুয়াখালী।
৩। ইসলামিক ফাউন্ডেশন জেলা কার্যালয়, পটুয়াখালী
৪। উপজেলা মধ্যমিক শিক্ষা অফিসার, দশমিনা, পটুয়াখালী।
৫। সভাপতি/অধ্যক্ষ, দশমিনা ইসলামিয়া কামিল মাদ্রাসা, দশমিনা, পটুয়াখালী।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

Scanned with CamScanner